গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-০২

নং-৪৯.০০.০০০০.১০২.১৮.০৭৫.১৬ —২৬৫ তারিখ: ২৪/০৪/২০১৮

বিষয়: রিক্রুটিং এজেন্সী মেসার্স হক এভিয়েশন সার্ভিসেস (আর.এল-৭৩৪) কাতারের নিয়োগকর্তা Teyseer Contracting Company (W.W.L)-এর অধীনে Laborer পদে ৪৫০ (চারশত পঞ্চাশ) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সী মেসার্স হক এভিয়েশন সার্ভিসেস (আর.এল-৭৩৪) কর্তৃক কাতারের নিয়োগকর্তা Teyseer Contracting Company (W.W.L) এর অধীনে Laborer পদে ৪৫০ (চারশত পঞ্চাশ) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতির আবেদনের প্রেক্ষিতে **সর্বোচ্চ ৪০ (চল্লিশ)** জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

| কোম্পানীর নাম | পদের নাম | কর্মী সংখ্যা | বেতন আহারসহ (মাসিক) | অন্যান্য সুবিধাদি |
|---|---|---|---|---|
| Teyseer Contracting Company (W.W.L) | Laborer | সর্বোচ্চ ৪০ (চল্লিশ) জন | ৮০০ (আটশত) কাতারি রিয়াল | বাসস্থান, আহার এবং চিকিৎস্যা ফ্রি;<br>কর্মঘণ্টা-০৮ ঘণ্টা;<br>বিমান ভাড়া চুক্তি অনুযায়ী;<br>চুক্তির মেয়াদ কমপক্ষে ০২ (দুই) বৎসর;<br>যাতায়াত কোম্পানি বহন করবে;<br>অন্যান্য সুবিধাবলী কাতারের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে। |

<u>শর্তাবলী</u> :

(ক) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনির্ধি কর্মীদের সাথে কাতারে যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।

(খ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশের কর্মীরা কাতারে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সী অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং কাতারস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।

(গ) বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।

(ঘ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।

(ঙ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সী কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ সর্বোচ্চ ১,০০,৭৮০/- (এক লক্ষ সাতশত আশি) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।

(চ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/=(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

(ছ) চাকরির শর্তাবলী কাতারের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।

(জ) এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

(ঝ) বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বর্তাবে না।

(ট) দক্ষতা ভিত্তিক ট্রেডে কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।

(ঠ) মুল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation –এর বিষয়টি বিএমইটি সতর্কভাবে পরীক্ষা করবে।

(ড) ১ জুলাই, ২০১৭ থেকে ডাটাবেইজ কার্যকর হওয়ায় মহাপরিচালক, বিএমইটি ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি নিশ্চিত করবেন।

(মোহাম্মাদ শাহীন)
উপসচিব
ফোন-৯৩৫৬৭৩৫
ইমেইলঃ sasemployment2@probashi.gov.bd

মহাপরিচালক
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা।

নং-৪৯.০০.০০০০.০৪৪.১৮.১৫৭.১৬ – ২৬৮ তারিখ: ২৪/০৪/২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১. মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয় **(মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)**।
২. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয় **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)**।
৩. সহকারী প্রোগ্রামার (আইটি শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয় **(মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)**।
৪. অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় **(অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)**।
৫. স্বত্বাধিকারী, মেসার্স হক এভিয়েশন সার্ভিসেস (আরএল-৭৩৪), ৭ সি, রুপসা টাওয়ার, বনানী সি/এ, ঢাকা-১২১৩।
৬. অফিস কপি।

২৪/৪/১৮
(মোহাম্মাদ শাহীন)
উপসচিব